গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

নং:৫২.০০.০০০০.০০৬.০৬.৭০৩.১৭-৯৫৭

তারিখ: ২৪ চৈত্র ১৪২৭
৭ এপ্রিল ২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মুল ডিজাইন প্রেরণ প্রসংগে।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.৩৭, তারিখ: ২৯-০৩-২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর “লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা” এবং “লোগোর মূল ডিজাইন” প্রেরণ করে।

০২। এমতাবস্থায়, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী “লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা” এবং “লোগোর মূল ডিজাইনের” যথাযথভাবে ব্যবহারের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: পাঁচ পাতা।


৭-৪-২০২১
সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব
☎-৫৫০০৭৩৮৩
admin2@sid.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত ছবিতে বঙ্গবন্ধু গ্রন্থ প্রকাশ সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক।
২। মহাপরিচালক,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো,ই-২৭/এ, আগারগাঁ,ঢাকা-১২০৭।
৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত অনুষ্ঠান সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক।
৪। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত সমাধিতে শ্রদ্ধা নিবেদন সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক।
৫। ড.শাহাদাত হোসেন, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত রচনা প্রতিযোগিতা ব্যবস্থাপনা উপকমিটির আহ্বায়ক।
৬। জনাব মাহফুজুল ইসলাম, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত ডিজিটাল ডিসপ্লেতে বঙ্গবন্ধুর জীবন ও কর্মসম্বলিত ডকুমেন্টারি প্রদর্শন সংক্রান্ত উপকমিটির আহ্বয়ক।
৭। জনাব জিয়াউদ্দীন আহমেদ, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত পরিসংখ্যান ভবনের আশে পাশে সড়ক সজ্জিতকরণ সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক।
৮। জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত সাজ সজ্জা সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক।
৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব (উসচিব), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার নির্দেশিকা

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে দেশে বিদেশে উদযাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লোগো অনুমোদিত হওয়ায় যথোপযুক্তভাবে ব্যবহারে লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়কের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ নির্দেশিকা জারি ক হলো;

১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।

২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে সুবর্ণজয়ন্তীর লোগোটি ব্যবহার করা যাবে।

৩. মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে সুবর্ণজয়ন্তীর লোগো বামদিকে ব্যবহার করা যাবে।

৪. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাপ্তরিক গাড়ী, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায়, সুবর্ণজয়ন্তী লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নান্দনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।

৫. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।

৬. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।

৭. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।

৮. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।

৯. সিগারেট, অ্যালকোহল, আগ্নেয়াস্ত্র কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।

১০. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।

১১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত ব্যবহার করা যাবে।

স্বাক্ষরিত-২৫/০৩/২০২১
**সচিব**
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh

# লোগো মুদ্রণে রঙের নির্দেশনা
# Logo Colour Palette

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী →
C 10 M 40 Y 90 K10
RGB - 207 138 23
HEX - #CF8A17

Bangladesh →
C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

C 30 M 50 Y 100 K 10
RGB - 161 115 0
HEX - #A17300

C 5 M 10 Y 65 K 8
RGB - 223 211 82
HEX - #DFD352

5 →
C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

# লোগো মুদ্রণে একক রঙের নির্দেশনা
# Logo Colour Palette (Single)

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী →
C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

Bangladesh →
C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

→
C 0 M 0 Y 0 K 35
RGB - 166 166 166
HEX - #A6A6A6

5 →
C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

→
C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

→
C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

## লোগো মুদ্রণে সাদা-কালো রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Black)

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

## লোগো মুদ্রণে রিভার্স রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Reverse)

## লোগোর চারপাশে যতখানি জায়গা ফাঁকা রাখতে হবে
## Logo Clear Space

লোগোর চতুর্দিকে মূল লোগোতে ব্যবহৃত ইংরেজি বাংলাদেশ লেখার প্রথম অক্ষর 'বি'-এর উচ্চতার সমপরিমাণ বা তার অধিক জায়গা সর্বদা ফাঁকা রাখতে হবে।

Always leave space equal to or more than the height of the first letter 'B' of the English Bangladesh text used in the main logo around the logo.



# গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগো যেভাবে বসবে
# Logo in Dark Background

গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগোটি ব্যবহার করতে হলে তা সবসময় নির্ধারিত সাদা বক্সের ভিতর রাখতে হবে।

Always keep the logo inside the white box when it will be used on a dark background.




